



## বাংলাদেশ শিপিং কর্পোরেশন

Bangladesh Shipping corporation

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

[www.bsc.gov.bd](http://www.bsc.gov.bd)

### আইন উপদেষ্টা এবং প্যানেল আইনবিদ নিয়োগ বিজ্ঞপ্তি

নং-১৮.১৬.০০০০.৩৫২.০৪.০২.১৮-

তারিখ: ০৬-১১-২০১৮ খ্রি।

বাংলাদেশ শিপিং কর্পোরেশন-এর চট্টগ্রামসহ প্রধান কার্যালয়, ঢাকা ও খুলনা আঞ্চলিক অফিস এবং বাগেরহাট আদালতসমূহের জন্য বাংলাদেশ সুপ্রিমকোর্ট/হাইকোর্টসহ নিম্ন আদালতসমূহে কর্মরত, অর্থ, এ্যাডমিরালটি, বীমা এবং আর্বিংট্রেশন সংক্রান্ত ইত্যাদি মামলা পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন ব্যারিস্টার/এ্যাডভোকেটগণ এর নিকট থেকে নিয়োজিতভাবে আইন উপদেষ্টা ও প্যানেল আইনবিদ পদে নিয়োগের নিম্ন দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২।	চৰ্ত্তাম	ক) আইন উপদেষ্টা (রিটেইনার ভিত্তিতে) খ) প্যানেল আইনবিদ	-	০১ জন ১০ জন
	ঢাকা	ক) আইন উপদেষ্টা (রিটেইনার ভিত্তিতে) খ) প্যানেল আইনবিদ	-	০১ জন ০২ জন
	খুলনা	ক) প্যানেল আইনবিদ	-	০১ জন
	বাগেরহাট	ক) প্যানেল আইনবিদ	-	০১ জন
৩।	যোগ্যতা:			
	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	পেশাগত সনদ প্রাপ্তির তারিখ	
(ক)	আইন উপদেষ্টা	বার-এট-ল'		
(খ)	আইনবিদ	বি.এ, এলএলবি (বাংলাদেশের যে কোন স্বীকৃত সরকারি/ বেসরকারি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী) এ্যাডভোকেটশিপ সনদধারী হতে হবে		

#### ৪। অভিজ্ঞতা:

##### ক) আইন উপদেষ্টা:

- (০১) প্রার্থীদের আইন ব্যবসায় ন্যূনতম ১২-১৫ বছরের পেশাগত অনুশীলনের অভিজ্ঞতাসহ আন্তর্জাতিক নৌ-বাণিজ্য, সংশ্লিষ্ট যাবতীয় আইন, বিধি-বিধান, প্রটোকল ইত্যাদি সম্পর্কে প্রয়োজনীয় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
- (০২) ঢাকার জন্য রিটেইনার আইন উপদেষ্টাকে অবশ্যই হাইকোর্ট/সুপ্রিমকোর্ট এডমিরালটি মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- (০৩) আইন উপদেষ্টাকে অবশ্যই সুস্থানের অধিকারী হতে হবে এবং সংস্থার প্রয়োজনে স্ব স্ব স্থানের বাইরে ভ্রমন/পরিদর্শনে যেতে সক্ষম হতে হবে।

##### খ) আইনবিদ:

- (০১) প্রার্থীকে পেশাগত যোগ্যতার স্বীকৃতিসহ আইন ব্যবসায় ১০ বছরের পেশাগত অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।
- (০২) প্রার্থীকে আন্তর্জাতিক নৌ-বাণিজ্য, সংশ্লিষ্ট যাবতীয় আইন, প্রটোকল ইত্যাদি সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- (০৩) প্রার্থীকে অবশ্যই সুস্থানের অধিকারী এবং সংস্থার প্রয়োজনে স্ব স্ব স্থানের বাইরে পরিদর্শনে যেতে সক্ষম হতে হবে।

#### ৫। অন্যান শর্তাবলী:

##### ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে প্রাথমিকভাবে ২(দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে। তবে, পুন: নিয়োগ না দেয়া পর্যন্ত

কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে;

গ) সাম্প্রতিককালের তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

ঘ) প্রার্থী বিএসসির স্বার্থ পরিপন্থি/প্রতিদ্বন্দ্বী কোন সরকারী বা বেসরকারী সংস্থা/ব্যক্তির আইন উপদেষ্টা/ আইনজীবি হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না;

ঙ) নির্বাচিত রিটেইনার আইন উপদেষ্টা বিএসসি কর্তৃক নির্ধারিত এবং প্রদেয় মাসিক রিটেইনার ফি পাবেন।

রিটেইনার এবং প্যানেলভূক্ত আইনবিদগণ কর্তৃক বিভিন্ন মামলা পরিচালনার জন্য প্রচলিত ফি ও অন্যান্য প্রাপ্য খরচাদি বিএসসির নির্ধারিত হার (Rate schedule) অনুযায়ী পরিশোধ করা হবে।

#### ৬। দায়িত্ব:

ক) রিটেইনার ভিত্তিতে নিয়োজিত আইন উপদেষ্টাকে অন্যান্য কাজের মধ্যে বিএসসির আইন ও প্রবিধানমালা অনুযায়ী স্বার্থ সংক্রান্ত যাবতীয় দলিল ও রেকর্ডপত্র পরীক্ষা-নিরীক্ষা করে আইনগত মতামত প্রদান, বিভিন্ন দলিলাদির খসড়া প্রণয়ন, আর্জি/আপন্তি প্রণয়ন, বিভিন্ন চুক্তি ও সম্মতিসমূহ (Consent) প্রস্তুত/ভেটিং প্রদান এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের ও সংস্থার পক্ষে প্রতিনিধিত্ব করা/মামলা পরিচালনা করা ও কর্তৃপক্ষ কর্তৃক ন্যস্ত আইন বিষয়ক দায়িত্ব পালন;

খ) স্ব স্ব এলাকায় প্যানেল আইনবিদ প্রয়োজন মোতাবেক ফৌজদারী, দেওয়ানী, আর্বিংট্রেশন, এ্যাডমিরালটি, অর্থ, এবং বীমা সংক্রান্ত মামলাসমূহ পরিচালনা করবেন।

৭। বিএসসিতে ইতোমধ্যে যারা আইন উপদেষ্টা/প্যানেল আইনবিদ হিসেবে কাজ করেছেন/করছেন তারাও আবেদন করতে পারবেন।

৮। পূর্ণসং জীবনবৃত্তান্তসহ দরখাস্ত আগামী ২০-১১-২০১৮খ্রি: তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, ঢাকা বক্স নং-৬৪১, চট্টগ্রাম বরাবরে পৌছানোর জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, অস্পষ্ট/অসম্পূর্ণ/নির্ধারিত সময়ের পর দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম ও কোন জেলায় আইন পেশায় নিয়োজিত তা উল্লেখ করতে হবে।

সচিব

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

ফোনঃ ০৩১-৭২৪৪৭৯